

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর- ০৪.৪১৬.০২৩.০০.০০.০১২.২০১০-১১৫

তারিখঃ ১৫ চৈত্র ১৪১৮

২৯ মার্চ ২০১২

পরিপত্র

বিষয় : জাতীয় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের উপস্থিতি নিশ্চিতকরণ সংক্রান্ত।


জাতীয় পর্যায়ে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দের উপস্থিতি সম্পর্কে যথাসময়ে নিশ্চিত না হওয়ার কারণে অনেক সময় আসন বিন্যাসে অসুবিধার সৃষ্টি হয়। কোন কোন ক্ষেত্রে সামনের দিকের একাধিক সারিতে আসন শূন্য থাকে, যা দৃষ্টিকটু। আবার কখনও কখনও বিলম্বে আগত অতিথিবৃন্দের যথোপযুক্ত আসন পেতে অসুবিধা হয়।

০২। উল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে, জাতীয় পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসমূহে, বিশেষত যে সকল অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি কিংবা মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকেন সেগুলির ক্ষেত্রে, আমন্ত্রণপত্র পাওয়ার পর সংশ্লিষ্ট অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথির উপস্থিতির বিষয় আমন্ত্রণপত্রে উল্লিখিত টেলিফোন নম্বরে নিশ্চিত করতে হবে। আমন্ত্রিত অতিথি কোন কারণে সংশ্লিষ্ট অনুষ্ঠানে যোগদানে অপারগ হলে তাও আয়োজকদেরকে জানাতে হবে।

০৩। যে সকল আমন্ত্রিত ব্যক্তির একান্ত সচিব রয়েছেন, সংশ্লিষ্ট অনুষ্ঠানে তাঁদের উপস্থিতি/অনুপস্থিতির বিষয়টি নিশ্চিত করা সংশ্লিষ্ট একান্ত সচিবের কর্তব্য হিসাবে বিবেচিত হবে। অন্যান্য ক্ষেত্রে আমন্ত্রিত ব্যক্তি অনুগ্রহপূর্বক স্বয়ং কিংবা তাঁর কোন উপযুক্ত প্রতিনিধি বিষয়টি নিশ্চিত করবেন। সশস্ত্র বাহিনীর ক্ষেত্রেও অনুরূপ ব্যবস্থা প্রযোজ্য হবে।

০৪। জাতীয় অনুষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও যথাযথ আসন বিন্যাসের সুবিধার্থে অনুষ্ঠানের অন্তত একদিন পূর্বে আমন্ত্রিত অতিথির উপস্থিতি/অনুপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

০৫। উপর্যুক্ত সিদ্ধান্ত তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানকে অবহিতকরণ এবং এর যথাযথ বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং সংশ্লিষ্ট অন্য সরকারের সক্রিয় সহযোগিতা কমিনী করা যাচ্ছে।



(মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা)  
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। বিজ্ঞ এটর্নি জেনারেল, এটান জেনারেলের কার্যালয়, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ৪। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৬। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৭। ভারপ্রাপ্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, সংসদ ভবন, ঢাকা।
- ৮। রেজিস্ট্রার, সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ৯। সচিব, ..... কমিশন।
- ১০। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, .....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

তারিখ: ১১/০৪/২০১২ খ্রি:

নং-০৭.০৮১.০৩২.০২.০০.০০২.২০০৮ - ৯৭৬

সদয় অবগতি ও বর্ণিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

১. মহা- হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল) ...../অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ।
৩. যুগ্ম-সচিব (সকল) ....., অর্থ বিভাগ।
৪. হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সচিবালয় ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৫. মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।
৬. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব।
৭. প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের সকল অধিশাখা/শাখা ....., অর্থ বিভাগ।
৮. সিনিয়র সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব।

  
(এম, এ, হালিম)  
উপ-সচিব

ফোন: ৭১৬৮৬৫৭

[mhalim@finance.gov.bd](mailto:mhalim@finance.gov.bd)